

নোটিশ

বিষয়: মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন ২০১০ এবং মৎস্য হ্যাচারি আইন, ২০১০ প্রতিপালন করতঃ নিয়মিত লাইসেন্স নবায়ন করার অনুরোধ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বিভিন্ন উপজেলায় ১১৪টি বেসরকারী মৎস্য খাদ্য উৎপাদন, খাদ্য উপকরণ আমদানী, পাইকারী ও খুচরা ক্রয়-বিক্রয় কেন্দ্র এবং ০৯ টি মৎস্য হ্যাচারী রয়েছে। জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর থেকে লাইসেন্স গ্রহণপূর্বক এসব প্রতিষ্ঠান কার্যক্রম পরিচালনা করছে। নিয়মানুযায়ী প্রতিবছর লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার এক মাস পূর্বে পুনরায় লাইসেন্স নবায়নের জন্য আবেদন করতে হয়। উল্লেখ্য, মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৪ ধারার বিধান অনুযায়ী মৎস্য খাদ্যের লাইসেন্স গ্রহণ ব্যতীত মৎস্যখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, আমদানি, রপ্তানি, বিপণন, বিক্রয়, বিতরণ ও আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদন করা যায় না এবং মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এর ০৫ ধারার বিধান অনুযায়ী নিবন্ধীকরণ ব্যতীত বাণিজ্যিক উদ্দেশ্যে হ্যাচারি স্থাপন বা পরিচালনা করা যায় না। কিন্তু অনেক মৎস্য খাদ্য বিক্রেতা, হ্যাচারি মালিক ও এতদসংশ্লিষ্ট পরিচালনাকারিগণ তাঁদের লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও লাইসেন্স নবায়ন করছেন না, যার ফলে সরকার তার প্রাপ্য রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে।

এমতাবস্থায়, জেলা আইন শৃঙ্খলা কমিটির সম্মানিত সভাপতি ও জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের ১১/০৯/২০২২খ্রি. তারিখের সভার নির্দেশনার আলোকে অত্র জেলার সকল খাদ্য উৎপাদনকারী, আমদানীকারক, খুচরা ও পাইকারী খাদ্য বিক্রেতা, হ্যাচারি মালিক এবং এতদসংশ্লিষ্ট পরিচালনাকারিদের অত্র নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

১১-৯-২০২২

মো: আবুল কালাম আজাদ

জেলা মৎস্য কর্মকর্তা

ফোন: ০২৫৮৮৮৭২৫৯০

ইমেইল:

dfonatore@fisheries.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।

৩) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নাটোর।

৪) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর। নোটিশটি আপনার উপজেলার সংশ্লিষ্ট সকলের মধ্যে দ্রুত বিতরণের অনুরোধসহ।